চাঁদপুরে মেঘনা এক্সপ্রেসে ট্রেনে আগুন, পুড়ল দুটি আসন

লেখক: Dhaka71 | প্রকাশিত: 28 November 2026, 09:36 AM | বিভাগ: সারাদেশ



চট্টগ্রাম থেকে চাঁদপুরগামী আন্তঃনগর মেঘনা এক্সপ্রেস ট্রেনে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। শুক্রবার (২৭ নভেম্বর) রাতে চাঁদপুর শহরের কালীবাড়ি কোর্টস্টেশনে পৌঁছানোর পর ট্রেনটির একটি বগির পেছনের দুটি আসনে আগুন দেখতে পান যাত্রীরা। মুহূর্তেই বগিতে ধোঁয়া ছড়িয়ে পড়লে আতঙ্কিত হয়ে পড়েন যাত্রীরা। তবে ট্রেনের কর্মচারী ও স্থানীয় লোকজনের তাৎক্ষণিক প্রচেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসায় বড় ধরনের দুর্ঘটনা থেকে রক্ষা পায় ট্রেনটি।

রেলওয়ে সূত্রে জানা যায়, চট্টগ্রাম থেকে ছেড়ে আসা মেঘনা এক্সপ্রেস (৭২৯) ট্রেনটি কালীবাড়ি কোর্টস্টেশনে পৌঁছালে ‘ত’ বগির পেছনের দুটি সিটে হঠাৎ আগুন জ্বলতে দেখা যায়। এ সময় বগির ভেতরে ধোঁয়া ছড়িয়ে পড়লে যাত্রীদের মধ্যে আতঙ্ক সৃষ্টি হয়। অনেকে দ্রুত বগি থেকে বের হওয়ার চেষ্টা করেন। পরে ট্রেনের কর্মচারী ও স্থানীয়দের সম্মিলিত প্রচেষ্টায় আগুন নিভিয়ে ফেলা হয়। এতে বগিটির দুটি আসন পুড়ে গেলেও কোনো যাত্রী হতাহত হননি।

আগুন লাগার বিষয়টি নিশ্চিত করে বড়স্টেশনঘাট রেলস্টেশনের স্টেশন মাস্টার মোহাম্মদ মারুফ জানান,

ট্রেনটি চলন্ত অবস্থায় থাকা অবস্থায় একটি বগির পেছনের দুটি সিটে আগুন দেখতে পান লোকজন। মুহূর্তের মধ্যে ধোঁয়ায় বগটিি ভরে যায়। খবর পেয়ে তাঁরা ঘটনাস্থলে পৌঁছান। তবে আগুনের পরস্থিতিি বর্তমানে নিয়ন্ত্রণে রয়েছে। কীভাবে আগুনের সূত্রপাত হয়েছে, নাকি কেউ ইচ্ছাকৃতভাবে আগুন লাগিয়েছে, তা এখনই নশ্চিতি করে বলা যাচ্ছে না।

চাঁদপুর প্লাটফর্ম স্টেশনের স্টেশন মাস্টার সোয়াইবুল সকিদার জানান, আগুন লাগার সময় ট্রেনটির ‘ত’ বগতিে কোনো যাত্রী ছলিনে না। তবে সামনের ও পেছনের অন্যান্য বগতিে যাত্রী ছলিনে। স্থানীয় লোকজন তাৎক্ষণকিভাবে আগুন নভিয়িে ফলেনে। এতে বগটিরি দুটি আসন পুড়ে গেছে। আগুনের সূত্রপাত কংিবা এতে দুর্বৃত্তের সম্পৃক্ততা রয়েছে কি না, তা তদন্ত করে দেখা হচ্ছে। বর্তমানে ট্রেনটি নিরাপদ রয়েছে। নর্িধারতি সময় অনুযায়ী ভোর ৫টায় চট্টগ্রামের উদ্দশ্যে ছেড়ে যাওয়ার প্রস্তুতি রয়েছে।

এ বষিয়ে চাঁদপুর রলেওয়ে জআিরপি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. জসমি উদ্দনি বলনে, ট্রেনের বগতিে আগুন লাগার কারণ তাৎক্ষণকিভাবে জানা যায়নি। বষিয়টি তদন্ত করে দেখা হচ্ছে। এ ঘটনায় কারও সম্পৃক্ততা পাওয়া গলেে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নওেয়া হবে।

উল্লখ্যে, আন্তঃনগর মঘেনা এক্সপ্রসে প্রতদিনি ভোর ৫টায় চাঁদপুর থকেে চট্টগ্রামের উদ্দশ্যে ছেড়ে যায়। অন্যদকি, চট্টগ্রাম থকেে বকিলে সোয়া ৫টায় ছেড়ে রাত ১০টার দকিে চাঁদপুরে পৌঁছায়।

© 2026 আপনার নউিজ পোর্টাল। সর্বস্বত্ব সংরক্ষতি।
এই প্রতবিদেনটি আমাদরে ওয়বেসাইট থকেে ডাউনলোড করা হয়ছে।